মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক শ্রমিক দিবস। দিবসটি উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

আজ শুক্রবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

সভায় বক্তব্য দেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সীরাজুম মূনীর, সম্মিলিত পেশাজীবী পরিষদের সভাপতি আল আমিন বকুল, মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ও সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্যরা।

অন্যদিকে, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি পুরাতন বাসস্ট্যান্ড থেকে বের হয়ে ভূমি অফিস পাড়া প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আহসান হাবিব সোনা।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যকরী সভাপতি খন্দকার সাজু, যুগ্ম সম্পাদক এরশাদ আলী, সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মেহেরপুরে আন্তর্জাতিক শব্দ

সচেতনতা দিবস পালিত

মেহেরপুরে আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস পালিত হয়েছে। দিবস উপলক্ষে মেহেরপুরে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

বুধবার (২৯ এপ্রিল) সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের হয়ে জেলা পরিষদ পর্যন্ত প্রদক্ষিণ করে। পরে সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

“আর নয় শব্দদূষণ, চাই সুস্থ জীবন” প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, সিভিল সার্জন ডা. এ কে এম আর সাইফ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা বলেন, অতিরিক্ত শব্দ মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। তাই শব্দদূষণ নিয়ন্ত্রণে সবাইকে সচেতন হতে হবে।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষার্থী ও সচেতন নাগরিকরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক নারী দিবস পালন

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়েছে। “আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার” প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়।

দিবসটি উপলক্ষে গতকাল রবিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা

প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। র্যালি শেষে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেনের সভাপতিত্বে তিনি নারী অধিকার নিশ্চিত করা, নারীদের নিরাপত্তা, সমতা এবং সমাজের সর্বস্তরে নারীর অংশগ্রহণ বৃদ্ধি বিষয়ে গুরুত্বারোপ করেন। পাশাপাশি নারী ও কন্যাশিশুদের জন্য একটি নিরাপদ, বৈষম্যহীন ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম বলেন, নারী ও কন্যাশিশুদের অধিকার সুরক্ষা, সহিংসতা প্রতিরোধ এবং একটি নিরাপদ সমাজ গঠনে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সমাজের সকল শ্রেণি-পেশার মানুষের সম্মিলিতভাবে কাজ করা জরুরি। তিনি বলেন, নারীর ক্ষমতায়ন ও মর্যাদা নিশ্চিত করা গেলে একটি সমৃদ্ধ ও মানবিক সমাজ গড়ে তোলা সম্ভব।

এ সময় তিনি নারী ও কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন এবং যেকোনো ধরনের অন্যায় ও সহিংসতার বিরুদ্ধে সবাইকে সচেতন ও সোচ্চার থাকার আহ্বান জানান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নয়ন কুমার রাজবংশী, জেলা শিক্ষা অফিসার, পৌর বিএনপির সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম মনি, জেলা প্রশাসনের কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

“আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার; সুরক্ষিত নারী ও কন্যার অধিকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রবিবার বেলা ১১টায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহীন আলম। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. মশিউর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সালসহ উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের স্থানীয় নেতৃবৃন্দ, নারী সংগঠনের প্রতিনিধিরা এবং স্থানীয় গণমাধ্যমকর্মীরা।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম বলেন, নারীর অর্থনৈতিক ও সামাজিক মুক্তি ছাড়া একটি রাষ্ট্র পূর্ণাঙ্গভাবে উন্নয়নের পথে এগিয়ে যেতে পারে না। উত্তরাধিকার সূত্রে সম্পত্তির অধিকার থেকে শুরু করে কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সভাপতির বক্তব্যে হোসনে জাহান বলেন, নারী ও কন্যাশিশুর অধিকার কেবল কাগজে-কলমে সীমাবদ্ধ থাকলে চলবে না, তা বাস্তবেও কার্যকর করতে হবে। আজকের শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ, তাই তাদের সুরক্ষা নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব।

আলোচনা সভায় বক্তারা নারী নির্যাতন প্রতিরোধে কঠোর আইন প্রয়োগ, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং বাল্যবিবাহ প্রতিরোধে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। পাশাপাশি নারী শিক্ষা ও ক্ষমতায়ন জোরদার করার ওপর গুরুত্বারোপ করা হয়। বক্তারা আরও

বলেন, দামুড়হুদা উপজেলাকে নারী ও কন্যাশিশুর জন্য একটি নিরাপদ ও সহায়ক জনপদ হিসেবে গড়ে তুলতে সরকারি ও বেসরকারি সকল প্রতিষ্ঠানকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র ধর্মগ্রন্থ পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম আশরাফুল ইসলাম এবং গীতা পাঠ করেন সুকুমার বিশ্বাস। শেষে উপস্থিত সকলের মাঝে দিবসটির তাৎপর্য তুলে ধরে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয় এবং এর মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মুজিবনগরে নানা আয়োজনের মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত

মুজিবনগর র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। এবারের প্রতিপাদ্য ছিল “আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার”।

গতকাল রবিবার সকাল সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে নারী দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় এসে শেষ হয় এবং উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় মিলিত হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা সভাপতিত্ব করেন। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ তদন্ত, গৌতম কুমার। উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, উপজেলা

একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদসহ উপজেলা বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভায় উপজেলার সুবিধাভোগী নারীরা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও রিক্সা র্যালী

‘আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার, সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হয়েছে।

ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র আয়োজনে গ্তকাল রোববার সকালে শহরের কেন্দ্রীয় গোরস্থানের সামনে মানববন্ধন কর্মসূচী পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার কর্মী, নারী উদ্যোক্তাসহ নানা শ্রেণীপেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সুশীল সমাজের প্রতিনিধি এন এম শাহজালাল, এডাব’র সভাপতি এনামুল কবির বাবলু, ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরিফা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় নারীর প্রতি সহিংসতা বন্ধ ও নারীদের অধিকার রক্ষায় সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। পরে সেখান থেকে একটি রিক্সা র্যালী বের করা হয়। র্যালিটি শহরের হামদহ মোড় ঘুরে, চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ট হয়ে পায়রা চত্বর পদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ পালিত হয়েছে।

রবিবার সকালে জেলা প্রশাসন, মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (অ.দা.) মোছাঃ নাসিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।
এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সঞ্জীব মৃধা, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনির, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেসা নয়নসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সুধীজন।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস মেহেরপুরে উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১১টার দিকে জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তন কক্ষে এই সভা

অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ বখতিয়ার উদ্দীন।

আলোচনা সভায় শহীদদের আত্মত্যাগ, ভাষা আন্দোলনের ইতিহাস ও মাতৃভাষার মর্যাদা রক্ষার গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন পুলিশ সুপার জনাব উজ্জ্বল কুমার রায়।

সভায় এছাড়া উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

আলোচনা সভার সমাপ্তিতে জেলা শিশু একাডেমি, মেহেরপুর কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে আন্তর্জাতিক জলাভূমি দিবস পালিত

আলমডাঙ্গায় আন্তর্জাতিক জলাভূমি দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও নানান কর্মসূচির মধ্য দিয়ে পালন করেছে জীববৈচিত্র্য সংরক্ষণ যুব সংস্থা। এ বছরের প্রতিপাদ্য ছিল— “জলাভূমি ও ঐতিহ্যগত জ্ঞান: সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপন”।

গতকাল সোমবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা মুক্ত মঞ্চ থেকে র্যালিটি শুরু হয়ে পদযাত্রার মাধ্যমে আল-তাইয়েবা মোড়ে এসে পথসভায় পরিণত হয়। পথসভায় সংগঠনের সাংগঠনিক সম্পাদক আরাফাত

রহমানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন। এরপর বক্তব্য রাখেন, সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান। তিনি তাঁর বক্তব্যে আলমডাঙ্গার মৃত্যপ্রায় কুমার নদের বেহাল দশা তুলে ধরেন এবং দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণের দাবি জানান।

পরে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব এস. এম. মাহামুদুল হাসান বক্তব্য রাখেন। তিনি বলেন, জলাশয় বিলুপ্ত হলে প্রাণীকুল মারাত্মক হুমকির মুখে পড়বে। প্রকৃতি ও জীববৈচিত্র্য রক্ষায় সবাইকে একযোগে কাজ করতে হবে।

এরপর সংগঠনের সভাপতি সাঈদ এম. হিরন স্মারকলিপি পাঠ করেন। স্মারকলিপি পাঠ শেষে র্যালিটি উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে গিয়ে মানববন্ধন কর্মসূচি পালন করে। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাবা পান্না আক্তার উপস্থিত থেকে স্মারকলিপি গ্রহণ করেন এবং জলাভূমি সংরক্ষণ বিষয়ে বক্তব্য দেন। তিনি বলেন, জলাভূমি ধ্বংস হলে জীববৈচিত্র্য বিলীন হয়ে যাবে। একই সঙ্গে তিনি কুমার নদে অবৈধ বাঁধ অপসারণের অঙ্গীকার করেন। জীববৈচিত্র্য সংরক্ষণ যুব সংস্থার কার্যক্রমের প্রশংসা করে তিনি ভবিষ্যতেও সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

পথসভায় সংগঠনের সাংগঠনিক সম্পাদক আরাফাত রহমান তাঁর বক্তব্যে বলেন, জলাভূমি শুধু পানি বা মাছের উৎস নয়—এটি আমাদের সংস্কৃতি, জীবিকা ও জীববৈচিত্র্যের অবিচ্ছেদ্য অংশ। জলাভূমি ধ্বংস মানেই কৃষি, মৎস্য, পাখি ও মানুষের জীবনের ওপর সরাসরি আঘাত। তিনি বলেন, আলমডাঙ্গার নদ-নদী ও বিলগুলো আজ দখল, দূষণ ও অব্যবস্থাপনার কারণে অস্তিত্ব সংকটে পড়েছে। এখনই কার্যকর উদ্যোগ না নিলে ভবিষ্যৎ প্রজন্ম আমাদের ক্ষমা করবে না। জলাভূমি রক্ষায় প্রশাসন, জনপ্রতিনিধি ও সাধারণ জনগণকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।

এ সময় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক আমিরুল ইসলাম জয়, আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধি, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা বন বিভাগের কর্মকর্তা এবং সংগঠনের সকল সদস্য।

দলের সব পদ থেকে রুমিন ফারহানাকে বহিষ্কার

দলীয় সিদ্ধান্ত অমান্য করে সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনার জন্য জাতীয় নির্বাহী কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার রুমিন ফারহানাকে বহিষ্কার করেছে বিএনপি।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোটেক রুহুল কবীর রিজভী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিএনপির প্রাথমিক সদস্যসহ সব পর্যায়ের পদ থেকে তাকে বহিষ্কার করা হয়েছে।

সূত্র : কালের কন্ঠ।